তারিখ · 14 NOV 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

কালের কণ্ঠ

# কামিল পরীক্ষার ফল প্রকাশ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত মাদ্রাসা কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০১৪ এর ফল প্রকাশিত হয়েছে। রবিবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিস থেকে এ ফল প্রকাশ করা হয়।

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস সূত্রে জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে মোট ১৯৮টি মাদ্রাসা কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০১৪ এ অংশগ্রহণ করে। এ বছর কামিল পরীক্ষা মোট দুই পর্বে অনুষ্ঠিত হয়েছে। প্রথম পর্বের শিক্ষার্থী সংখ্যা ছিল ১৮ হাজার ৫২৬ জন। চূড়ান্ত পরীক্ষায় ১৮ হাজার ৪০ জন অংশ নিয়ে পাস করেছেন ১৭ হাজার ৬৯১ জন। প্রথম পর্বে পাসের হার ৯৮.০৭ শতাংশ।

কামিল দ্বিতীয় পর্বের ১৪ হাজার ৮১৭ জন শিক্ষার্থীর মধ্যে ১৪ হাজার ৬৮০ জন চূড়ান্ত পরীক্ষায় অংশ নেন। পাস করেছেন ১৪ হাজার ৪৩৭ জন শিক্ষার্থী। দ্বিতীয় পর্বে পাসের হার ৯৮.৩৪ শতাংশ। শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে www.iu.ac.bd ভিজিট করে কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০১৪ এর ফল জানতে পারবেন।